



## যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে নব গঠিত "অভিযোগ কমিটি" এর শুভেচ্ছা সাক্ষাৎ



২৩ মে -২০২৪, বৃহস্পতিবার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম পিএইচডি-এর সাথে তাঁর কার্যালয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়ন প্রতিরোধকল্পে নব গঠিত "অভিযোগ কমিটি" কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. লাইসা আহমদ লিসা এর নেতৃত্বে শুভেচ্ছা সাক্ষাৎ করেন।

এসময় কমিটির সদস্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার, মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সামসাদ আফরিন হিমি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. সামিনা লুৎফা, বাংলাদেশ মহিলা পরিষদের লিগ্যাল এডভোকেসি এন্ড লবি এর সাবেক পরিচালক এডভোকেট মাকসুদা আক্তার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেল এর পরিচালক ড. মোঃ আমিনুল ইসলাম এবং কমিটির সদস্য-সচিব জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার এডভোকেট রঞ্জন কুমার দাস উপস্থিত ছিলেন।